

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০১১.২৫-৯৫

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৯ জুন ২০২৬

বিজ্ঞপ্তি


বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি এস সি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ০৩/০৫/২০২৬ খ্রিঃ তারিখে ভর্তির ফলাফল (নির্বাচিত ও অপেক্ষমান তালিকা) প্রকাশ করা হয়। উক্ত মেধা তালিকা হতে ১০/০৫/২০২৬ তারিখ থেকে ১৪/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ভর্তি করা হয়। পরবর্তীতে আসন শূন্য থাকায় মেধা ক্রমানুযায়ী মাইগ্রেশন ও ২য় মেধা তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) ও সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

ক) ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলীঃ

- ১। অপেক্ষমান তালিকা হতে ২য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থী ও মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ১৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ টা হতে ১৬/০৬/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ৫:০০ টা পর্যন্ত নির্ধারিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
- ২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
- ৩। ভর্তির সময় প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি জমা দিতে হবে।
- ৪। ভর্তির জন্য ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত) টাকা ব্যাংক/নগদ জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঞ্জীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
- ৫। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- ৬। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
 - (ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের কমিশনার/ মেয়র কর্তৃক প্রত্যয়ন পত্র ভর্তির সময় প্রদান করবেন।
 - (খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রেঃ রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/ জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

খ) মাইগ্রেশন ও কলেজ পছন্দঃ

- ১। ১ম ও ২য় মাইগ্রেশনের জন্য মাইগ্রেশন ফি ৪,০০০/- (চার হাজার) টাকা যা মাইগ্রেশনকৃত কলেজে পরিশোধ করতে হবে।
- ২। ৩য় ও তৎপরবর্তী মাইগ্রেশনের জন্য ভর্তির সমপরিমাণ টাকা দিয়ে মাইগ্রেশনকৃত কলেজে ভর্তি হতে হবে।
উল্লেখ্য যে, ভর্তির আবেদনের সময় টেলিটকে উল্লিখিত পছন্দক্রমই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. মো:  (সচিব) ০২/০৬/২৬
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।